

## কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৭৬. নামাযের কাতারটুকু সম্পূর্ণরূপে সোজা না করে যেনতেনভাবে নামাযে দাঁড়িয়ে যাওয়া

আবু মাস্'উদ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمْسَحُ مَنَاكِبَنَا فِي الصَّلَاةِ وَيَقُولُ: اسْتَؤُوا وَلَا تَخْتَلِفُوا فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ ، لِيَلِنِي مِنْكُمْ أُولُو الْأَحْلَام وَالنُّهَى ، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ أُولُو الْأَحْلَام وَالنَّهَى ، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ أُولُونَهُمْ

"রাসূল (সা.) নামাযে দাঁড়ানোর সময় আমাদের কাঁধগুলো স্পর্শ করে বলতেনঃ তোমরা সবাই নামাযের কাতারে একদম সোজা হয়ে দাঁড়াও। একে অপর থেকে বিচ্ছিন্ন হয়ে কখনো দাঁড়িও না তা হলে তোমাদের অন্তরগুলোর মাঝে বিচ্ছিন্নতা সৃষ্টি হবে। তোমাদের মধ্যকার বয়স্ক ও বুদ্ধিমানরা যেন আমার নিকটবর্তী জায়গায় অবস্থান করে। অতঃপর তাদের পরবর্তীরা। এরপর আরো পরবর্তীরা"।[1]

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ৪৩২ নাসায়ী, হাদীস ৮০৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11526

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন